

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
জাতীয় মহিলা সংস্থা

তথ্যআপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়)  
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।  
[www.touthoapa.gov.bd](http://www.touthoapa.gov.bd)

স্মারক নং ৩২.০২.০০০০.২০৫.৫১(১).২০-২২৭৯

তারিখ: ০৮ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ  
০৯ জুন ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়ঃ শিক্ষা সহায়ক ভাতা প্রদানে প্রয়োজনীয় প্রমাণক প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ধীন জাতীয় মহিলা সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়) এর আওতায় ৪৯০টি উপজেলায় ৪৯০টি তথ্যকেন্দ্র প্রতিষ্ঠিত হয়েছে। প্রকল্পে নিয়োজিত সকল কর্মকর্তা ও কর্মচারীগণের গত ১৪/০১/২০১৬ খ্রিঃ তারিখের স্মারক নং -০৭.১১১.০৩১.০১.০০.০০৫.২০১০-১৫ এর পরিপত্র এবং ১৪/১০/২০১৫ খ্রিঃ তারিখের স্মারক নং ০৭.১৭৩.০৩১.০২.০০.০৩০.২০১০-৭৯ এর প্রজ্ঞাপন অনুযায়ী সরকারী সকল কর্মচারীর জন্য সন্তান প্রতি মাসিক ৫০০/- (পাঁচশত) টাকা হারে এবং (০২) দুই সন্তানের জন্য সর্বোচ্চ ১০০০/- (এক হাজার) টাকা হারে শিক্ষা সহায়ক ভাতা প্রদেয় হবে। তবে স্বামী ও স্ত্রী উভয়ই প্রকল্পে কর্মরত হলে সন্তানের সংখ্যা যে কোন একজনের ক্ষেত্রেই গণনা করে ভাতার পরিমাণ নির্ধারণ করা হবে। এ ক্ষেত্রে তথ্যকেন্দ্রে কর্মরত তথ্যসেবা কর্মকর্তা/তথ্যসেবা সহকারীগণের মধ্য হতে যে সকল তথ্যসেবা কর্মকর্তা/তথ্যসেবা সহকারীগণের স্কুলগামী ১(এক) সন্তান/২(দুই) সন্তান আছে তাদের সন্তানদের প্রকল্প অফিস হতে সরকার নির্ধারিত শিক্ষা সহায়ক ভাতা প্রদানের লক্ষ্যে বয়স যাচাইয়ের জন্য জন্ম নিবন্ধনের অনুলিপি ও অধ্যয়নরত স্কুলের প্রধান শিক্ষক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়ন পত্রের মূল সনদ প্রয়োজন।

এমতাবস্থায় যে সকল তথ্যসেবা কর্মকর্তা/তথ্যসেবা সহকারীগণের ১ (এক)সন্তান/২(দুই) সন্তান পর্যন্ত স্কুলগামী ছেলে মেয়ে আছে তাদের প্রয়োজনীয় প্রমাণকসহ আগামী ১০/০৬/২০২১খ্রিঃ তারিখের মধ্যে ডাকযোগে প্রকল্প অফিসে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(এস এম নাজিমুল ইসলাম)

উপ-প্রকল্প পরিচালক (প্রশাসন ও অর্থ)

তথ্যআপা: প্রকল্প (২য় পর্যায়)

ফোনঃ ০২-৪৮৩২১০৪৬

তথ্যসেবা কর্মকর্তা/তথ্যসেবা সহকারী (সকল)

তথ্যআপা: প্রকল্প (২য়) পর্যায়।

উপজেলা....., জেলা.....।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমাণুসারে নয়):

- ০১। প্রকল্প পরিচালক, তথ্য আপা: প্রকল্প (২য় পর্যায়)।
- ০২। উপ-প্রকল্প পরিচালক (ট্রেনিং ও মনিটরিং), তথ্য আপা: প্রকল্প (২য় পর্যায়)।
- ০৩। হিসাবরক্ষণ কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়)।
- ০৪। ওয়েব এ্যাডমিনিস্ট্রেটর/ প্রোগ্রামার, তথ্য আপা: প্রকল্প (২য় পর্যায়)।
- ০৫। হিসাব রক্ষক, তথ্য আপা: প্রকল্প (২য় পর্যায়)।
- ০৬। সহকারী প্রোগ্রামার, তথ্য আপা: প্রকল্প (২য় পর্যায়)।
- ০৭। অফিস কপি/ গার্ড নথি।